

টিকা-সম্বন্ধীয় তথ্য বিবৃতি

মেনিংগোকক্সাল ACWY টিকা: আপনাকে যা জানতে হবে

1. কেন টিকা নিতে হবে?

মেনিংগোকক্সাল ACWY টিকা সেরোগ্রুপ A, C, W, এবং Y দ্বারা সৃষ্টি মেনিংগোকক্সাল রোগ থেকে রক্ষা করতে সাহায্য করতে পারে। একটি ভিন্ন মেনিংগোকক্সাল টিকা পাওয়া যায় যা সেরোগ্রুপ B এর বিরুদ্ধে রক্ষা করতে সাহায্য করতে পারে।

মেনিংগোকক্সাল রোগের কারণে মেনিনজাইটিস (মস্তিষ্ক এবং মেরুদণ্ডের আস্তরণের সংক্রমণ) এবং রক্তের সংক্রমণ হতে পারে। এমনকি এটির চিকিৎসা করা হলেও, মেনিংগোকক্সাল রোগে 100 জনের মধ্যে 10 থেকে 15 জন সংক্রামিত মানুষের মৃত্যু হয়। এবং ঘারা বেঁচে যান, তাদের প্রতি 100 জনের মধ্যে প্রায় 10 থেকে 20 জন অক্ষমতার শিকার হন যেমন শ্রবণশক্তি হারিয়ে যাওয়া, মস্তিষ্কের ক্ষতি, কিডনির ক্ষতি, অঙ্গ-প্রত্যঙ্গের ক্ষতি, স্বায়ুতন্ত্রের সমস্যা বা ত্বকের গ্রাফ্ট থেকে গুরুতর ক্ষতি।

মেনিংগোকক্সাল রোগ বিরল এবং 1990 এর দশক থেকে মার্কিন যুক্তরাষ্ট্রে হ্রাস পেয়েছে। যদিও, এটি একটি গুরুতর রোগ যার ফলে এটিতে আক্রান্ত ব্যক্তিদের মৃত্যু বা দীর্ঘস্থায়ী অক্ষমতার উল্লেখযোগ্য ঝুঁকি রয়েছে।

যে কেউ মেনিংগোকক্সাল রোগে আক্রান্ত হতে পারে। কিছু লোক বর্ধিত ঝুঁকিতে রয়েছে, যার মধ্যে রয়েছে:

- এক বছরের কম বয়সী শিশু
- 16 থেকে 23 বছর বয়সী কিশোর-কিশোরী এবং তরুণ প্রাপ্তবয়স্করা
- রোগ প্রতিরোধ ব্যবস্থাকে প্রভাবিত করে এমন কিছু চিকিৎসাগত অবস্থায় থাকা মানুষ
- মাইক্রোবায়োলজিস্টরা যারা নিয়মিতভাবে এন. মেনিনজাইটিসের আইসোলেট নিয়ে কাজ করেন, যা ব্যাকটেরিয়া যা মেনিনোকোকাল রোগ সৃষ্টি করে
- তাদের কমিউনিটির মধ্যে একটি প্রাদুর্ভাবের কারণে ঝুঁকিতে রয়েছে এমন ব্যক্তিরা

2. মেনিংগোকক্সাল ACWY টিকা

কিশোর-কিশোরীদের একটি মেনিংগোকক্সাল ACWY টিকার 2টি ডোজ প্রয়োজন:

- প্রথম ডোজ: 11 বা 12 বছর বয়স
- দ্বিতীয় (বুস্টার) ডোজ: 16 বছর বয়স

Many Vaccine Information Statements are available in Bengali and other languages. See www.immunize.org/vis

অনেক টিকা-সম্বন্ধীয় তথ্য বিবৃতি বাংলা এবং অন্যান্য ভাষায় উপলব্ধ রয়েছে।
www.immunize.org/vis-এ দেখুন

কিশোর-কিশোরীদের রুটিন টিকা দেওয়ার পাশাপাশি, কিছু নির্দিষ্ট গোষ্ঠীর লোকেদের জন্য মেনিংগোকক্সাল ACWY টিকাও সুপারিশ করা হয়:

- সেরোগ্রুপ A, C, W, বা Y মেনিংগোকক্সাল রোগের প্রাদুর্ভাবের কারণে ঝুঁকিতে থাকা লোকেরা
- HIV আক্রান্ত ব্যক্তি
- সিকেল সেল রোগে আক্রান্ত ব্যক্তি সহ এমন ব্যক্তি যাদের প্লীহা ক্ষতিগ্রস্ত হয়েছে বা অপসারণ করা হয়েছে
- “পরিপূরক উপাদানের ঘাটতি” নামে একটি বিরল রোগ প্রতিরোধ ব্যবস্থার রোগাবস্থা থাকা কোনো ব্যক্তি
- এমন কেউ যে “কমপ্লিমেট ইনহিবিটর” নামক এক ধরনের ওষুধ গ্রহণ করেন, যেমন ইকুলিজুম্যাব (যাকে “Soliris”® ও বলা হয়) বা রাভুলিজুম্যাব (যাকে “Ultomiris”® ও বলা হয়)
- মাইক্রোবায়োলজিস্টরা যারা নিয়মিতভাবে এন. মেনিনজাইটিসের আইসোলেট নিয়ে কাজ করেন
- এমন কেউ যিনি বিশ্বের এমন একটি অংশে ভ্রমণ করছেন বা বসবাস করছেন যেখানে মেনিংগোকক্সাল রোগ সাধারণ, যেমন আফ্রিকার কিছু অংশ
- আবাসিক হলগুলিতে বসবাসকারী কলেজ-পাশ নবীনরা যাদের মেনিংগোকক্সাল ACWY টিকা দিয়ে সম্পূর্ণরূপে টিকা দেওয়া হয়নি
- U.S. মিলিটারীতে নতুন ভর্তি হওয়া সৈনিক

3. আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন

আপনার টিকাকরণ প্রদানকারীকে বলুন যদি টিকা গ্রহণকারী ব্যক্তি/ব্যক্তির:

- মেনিংগোকক্সাল ACWY টিকার পূর্ববর্তী ডোজের পরে কোনো অ্যালার্জির প্রতিক্রিয়া হয়ে থাকে, বা তার কোনো গুরুতর, প্রাণ-সংশয়কারী অ্যালার্জি থাকে



কিছু ক্ষেত্রে, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী একটি ভবিষ্যত সাক্ষাৎ পর্যন্ত মেনিংগোকক্সাল ACWY টিকাকরণ স্থগিত করার সিদ্ধান্ত নিতে পারেন।

গর্ভবতী বা বুকের দুধ খাওয়ানো মহিলাদের জন্য এই টিকার বুঁকি সম্পর্কে সীমিত তথ্য রয়েছে, তবে কোনও নিরাপত্তা-সংক্রান্ত উদ্বেগ চিহ্নিত করা হয়নি। নির্দেশিত হলে একজন গর্ভবতী বা বুকের দুধ খাওয়ানো মহিলাকে টিকা দেওয়া উচিত।

সর্দি-কাশির মতো ছেটখাটো অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিদের টিকা দেওয়া যেতে পারে। মাঝারি বা গুরুতর অসুস্থ ব্যক্তিদের সাধারণত মেনিংগোকক্সাল ACWY টিকা নেওয়ার আগে সুস্থ না হওয়া পর্যন্ত অপেক্ষা করা উচিত।

আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে আরও তথ্য দিতে পারবেন।

4. কোনো টিকাজনিত প্রতিক্রিয়ার বুঁকি

- মেনিংগোকক্সাল ACWY টিকা দেওয়ার পরে যেখানে শট দেওয়া হয়েছে সেখানে লালভাব বা ব্যথা হতে পারে।
- মেনিংগোকক্সাল ACWY টিকা গ্রহণকারীদের একটি ছেট শতাংশ লোকেদের পেশী ব্যথা, মাথাব্যথা বা ক্লান্তি অনুভব করে।

লোকেরা কখনও কখনও টিকাকরণ সহ চিকিৎসা-সম্বন্ধীয় পদ্ধতিসমূহের পরে অঙ্গান হয়ে যায়। আপনি যদি মাথা ঘোরা অনুভব করেন বা দৃষ্টিশক্তির পরিবর্তন হয় বা কানের মধ্যে শব্দ হতে থাকে তাহলে আপনার প্রদানকারীকে তা জানান।

যেকোন ওষুধের মতোই, কোনো টিকার মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়া, অন্যান্য গুরুতর আঘাত বা মৃত্যুর কারণ হওয়ার খুব প্রত্যন্ত সন্ত্বাবনা রয়েছে।

5. যদি কোনো গুরুতর সমস্যা হয় তাহলে কী হবে?

টিকা প্রাপ্ত ব্যক্তি ক্লিনিক ছেড়ে চলে যাওয়ার পরে একটি অ্যালার্জির প্রতিক্রিয়া ঘটতে পারে। আপনি যদি কোনো গুরুতর অ্যালার্জির প্রতিক্রিয়ার লক্ষণ দেখেন (আমাবাত, মুখ এবং গলা ফুলে যাওয়া, শ্বাস নিতে অসুবিধা, দ্রুত হৃদস্পন্দন, মাথা ঘোরা বা দুর্বলতা), তাহলে 9-1-1 নম্বরে কল করুন এবং ব্যক্তিকে নিকটস্থ হাসপাতালে নিয়ে যান।

আপনার উদ্বেগের অন্যান্য লক্ষণগুলির জন্য, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কল করুন।

প্রতিকুল প্রতিক্রিয়াগুলি টিকার প্রতিকুল ঘটনার রিপোর্টিং সিস্টেম (Vaccine Adverse Event Reporting System, VAERS) এর কাছে রিপোর্ট করা উচিত। সাধারণত আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী এই রিপোর্টিং দায়ের করবেন, অথবা আপনি নিজেই এটি করতে পারেন। www.vaers.hhs.gov-এ VAERS ওয়েবসাইটে যান বা 1-800-822-7967 নম্বরে কল করুন। VAERS শুধুমাত্র প্রতিক্রিয়া রিপোর্ট করার জন্য, এবং VAERS কর্মসূচী সদস্যরা চিকিৎসা-সম্বন্ধীয় পরামর্শ দেন না।

6. জাতীয় টিকাজনিত আঘাতের ক্ষতিপূরণ কর্মসূচী

জাতীয় টিকাজনিত আঘাতের ক্ষতিপূরণ কর্মসূচী (National Vaccine Injury Compensation Program, VICP) হল একটি ফেডারেল প্রোগ্রাম যা নির্দিষ্ট টিকার দ্বারা আহত হতে পারে এমন লোকেদের ক্ষতিপূরণ দেওয়ার জন্য তৈরি করা হয়েছিল। টিকাকরণের কারণে তথাকথিত আঘাত বা মৃত্যু সংক্রান্ত দাবিগুলি দায়ের করার জন্য একটি সময়সীমা রয়েছে, যা দুই বছরের মতো কম সময়ের হতে পারে। কর্মসূচীটি সম্পর্কে এবং দাবি দায়ের করার বিষয়ে জানতে www.hrsa.gov/vaccinecompensation-এ VICP ওয়েবসাইটে যান অথবা 1-800-338-2382 নম্বরে কল করুন।

7. আমি কিভাবে আরও জানতে পারি?

- আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।
- আপনার স্থানীয় বা স্টেটের স্বাস্থ্য বিভাগে কল করুন।
- টিকার প্যাকেজ সন্নিবেশসমূহ এবং অতিরিক্ত তথ্যের জন্য খাদ্য এবং ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) এর ওয়েবসাইট www.fda.gov/vaccines-blood-biologics/vaccines-এ যান।
- রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের সাথে যোগাযোগ করুন (Centers for Disease Control and Prevention, CDC):
 - কল করুন 1-800-232-4636 (1-800-CDC-INFO) অথবা
 - CDC-এর ওয়েবসাইট www.cdc.gov/vaccines-এ যান।

